

## দুই হাজার শিক্ষার্থীকে বিনামূল্যে ল্যাপটপ দেবে এক্সিম ব্যাংক

আইসিটি বিভাগের উদ্যোগে এক্সিম ব্যাংক সারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২ হাজার অক্ষয় সৌধবী শিক্ষার্থীকে বিনামূল্যে ল্যাপটপ দেবে। সোমবার ঢাকার বিসিপি ভবনে অনুষ্ঠিত আইসিটি বিভাগের উদ্যোগে এক্সিম ব্যাংকের সৌজন্যে ওয়ান স্ট্রুডেন্ট ওয়ান ল্যাপটপ প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে ব্যাংকের চেয়ারম্যান মোঃ নজরুল ইসলাম সজ্জামদার এ ঘোষণা দেন। অনুষ্ঠানে প্রথম পর্যায়ে ২৫০টি ল্যাপটপ দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তিবিষয়ক সচিব সজীব ওয়াজেদ জয় এবং সভাপতিত্ব করেন তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এছাড়া বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমানসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টর। সংবাদ বিজ্ঞপ্তি।